

## অধ্যায়-১৮ : ড্রাফটিং

৩৬৮. ড্রাফটিং করলে সুবিধা হয় কেন? (অনুধাবন)

- ক কাপড়টি সংকুচিত হয় না  
খ দেহের ফিটিং ভালো হয়  
গ সেলাই মজবুত হয়  
ঘ ডিজাইন ভালো করা যায়

৩৬৯. পোশাক তৈরির প্রথমে সমতল কাগজে পোশাকের যে নমুনা আঁকা হয় তাকে কী বলে?

- ক ড্রাফটিং  
খ প্যাটার্ন ড্রাফটিং  
গ মূল নকশা  
ঘ নকশা

৩৭০. ঘরের বা বাইরের পোশাক হিসেবে ফতুয়া কোন ঋতুতে আরামদায়ক হয়? (জ্ঞান)

- ক গ্রীষ্মকালে  
খ বর্ষাকালে  
গ শরৎকালে  
ঘ শীতকালে

৩৭১. শিশুর ফতুয়া তৈরির ক্ষেত্রে গলার চওড়া নির্ধারণ করতে হয় কীভাবে? (জ্ঞান)

- ক কাঁধের অর্ধেক  
খ কাঁধের ১/৪ অংশ  
গ বুকের অর্ধেক  
ঘ বুকের ১/১২ অংশ

৩৭২. ড্রাফটিং করার জন্যে যে সকল জিনিস প্রয়োজন সেগুলো হলো— (অনুধাবন)

- i. কাগজ, পেন্সিল, স্কেল ও রাবার  
ii. শেইপকাট, গজফিতা ও পিন  
iii. কাঁচি, সুতা ও সেলাই মেশিন

- নিচের কোনটি সঠিক?  
ক i ও ii  
খ ii ও iii  
গ i ও iii  
ঘ i, ii ও iii

৩৭৩. বেবি ফ্রক তৈরিতে পুটের মাপের সাথে কত সে.মি. যোগ করতে হয়? (জ্ঞান)

- ক ১.১৭ সে.মি.  
খ ১.২৭ সে.মি.  
গ ১.৩৭ সে.মি.  
ঘ ১.৪৭ সে.মি.

৩৭৪. বেবি ফ্রকের সামনের বগল পেছনের বগল হতে কেমন হবে? (অনুধাবন)

- ক বড়  
খ ছোট  
গ হালকা  
ঘ গভীর

অনুচ্ছেদটি পড়ো এবং ৩৭৫ ও ৩৭৬ নং প্রশ্নের উত্তর দাও:  
রিতা তার ৩ বছরের মেয়ের জন্যে এ লাইন শেপের বেবি ফ্রক তৈরি করল। তার মেয়ের বুলের মাপ ৪৫.৭২ সে.মি.।

৩৭৫. রিতার মেয়ের সম্পূর্ণ বুলের মাপ কত? (প্রয়োগ)

- ক ৪৫.৭২ সে.মি.  
খ ৪৬.৯৯ সে.মি.  
গ ৪৮.২৬ সে.মি.  
ঘ ৪৯.৪৬ সে.মি.

৩৭৬. রিতা উক্ত পোশাক সেলাই করার সময়—

- i. প্রথমে সামনের ও পেছনের অংশ একত্র করে দুই কাঁধ সেলাই করে  
ii. গলা ও বগলের পাইপিং লাগিয়ে বোতাম পটি সেলাই করে  
iii. বুল পরীক্ষা করে নিচের কাপড় ভাঁজ করে মুড়ে বথোয়া সেলাই করে

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii  
খ ii ও iii  
গ i ও iii  
ঘ i, ii ও iii

৩৭৭. ইয়োক ফ্রক তৈরি করতে লম্বা কাপড়কে কয় ভাঁজ করতে হবে? (জ্ঞান)

- ক দু ভাঁজ  
খ তিন ভাঁজ  
গ চার ভাঁজ  
ঘ পাঁচ ভাঁজ

৩৭৮. বেবি ফ্রক টিউনিকের জন্যে পাইপিং কতটুকু চওড়া করে কাটতে হয়? (জ্ঞান)

- ক ১ ইঞ্চি  
খ ১.৫ ইঞ্চি  
গ ২ ইঞ্চি  
ঘ ২.৫ ইঞ্চি